



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুক্তিযোদ্ধা
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি.

আওয়ামী লীগের দুঃসময়ে নেতা ছিলেন বীর মুক্তিযোদ্ধা দানু: মেয়ার

মুক্তিযুদ্ধ থেকে বঙ্গবন্ধু হত্যাকাণ্ড পরবর্তী প্রতিটি রাস্তায় দুঃসময়ে বীর মুক্তিযোদ্ধা কাজী ইনামুল হক দানু সাহসী ভূমিকা পালন করেছেন বলে মন্তব্য করছেন চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার নগরীর বায়তুস সালাত জামে মসজিদে কাজী ইনামুল হক দানুর মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে দোয়া ও মুনাজাতের পর সংক্ষিপ্ত বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মেয়ার বলেন, মুক্তিযুদ্ধে তিনি বিএলএফের গ্রাহণ কমান্ডারের দায়িত্ব পালনকালে চট্টগ্রামের তরঙ্গ মুজিবসেনাদের ঐক্যবন্ধ করেন। স্বাধীন হওয়ার পর দেশ পুনর্গঠণ এবং বঙ্গবন্ধুর সপরিবারে হত্যার পর আওয়ামী লীগের দুঃসময়ে তিনি দলকে ঐক্যবন্ধ রাখতে অগ্রন্তি ভূমিকা পালন করেন।

এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়ার মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসানী, হাসান মুরাদ বিপ্লব, নাজমুল হক ডিউক, নূর মোস্তফা চিনু এবং চট্টগ্রাম মহানগর জাতীয় শ্রমিক লীগ সভাপতি বখতিয়ার উদ্দিন খান। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন কলামিস্ট ড. মাসুম চৌধুরী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮